

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২১.০০১.১৮.৩১

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব খোদেজা কানিজ কুতুবী (৮৭৩০), অধ্যাপক (উদ্ভিদবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর অনকূলে ভারতে অধ্যয়নরত সন্তান ও স্বামীর সাথে অবস্থানের উদ্দেশ্যে ০১-০১-২০২১ তারিখ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০১ (বছর) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো:

শর্তসমূহ:

- তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- তিনি ছুটি ভোগ শেষে দেশে ফিরে আবশ্যিকভাবে কর্মস্থলে যোগদানপূর্বক কর্তৃপক্ষ-কে অবহিত করবেন;
- এই ভ্রমণে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- এই ভ্রমণ ব্যয় আয়কর বিবরণীতে প্রদর্শন করতে হবে;
- বিএসআর পার্ট-১ এর ২৯২ নং বিধান মোতাবেক তাঁর অসাধারণ ছুটি পেনশনযোগ্য চাকরিকাল হিসেবে গণ্য হবে না এবং
- বিএসআর পার্ট-১ এর পরিশিষ্ট-৮ এর ৩৪ বিধি অনুযায়ী ছুটি অনুমোদনের ৩৫ দিনের মধ্যে ছুটি ভোগ আরম্ভ করতে হবে; অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, ছুটিকালীন তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবে।

০২. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫-১-২০ ২১

মোহাম্মদ আবু নাসের বেগ
উপসচিব

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) ইমিগ্রেশন অফিসার, বহির্গমন বিভাগ.....
- ১০) জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ১১) জনাব.....
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৩) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....